# চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম- ৪৩৪৯।

স্মারক নং- চুয়েট/একা-৪৪/ ২৬৫, তারিখঃ ০৭/১০/২০২০ খ্রিঃ।

## ঃ বিজ্ঞপ্তি ঃ

অত্র বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অদ্য ০৭/১০/২০২০ খ্রিঃ তারিখ মাননীয় উপাচার্য মহোদয়ের সভাপতিত্বে সকল ডীন, পরিচালক, বিভাগীয় প্রধান, সেন্টার চেয়ারম্যান এবং হল প্রভোস্ট-এর সমন্বয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তক্রমে আগামী ১৮/১০/২০২০খ্রিঃ তারিখ থেকে অনলাইনে ক্লাস শুরু হবে। ক্লাসের সময়সূচী সংশ্লিষ্ট বিভাগ হতে প্রকাশ করা হবে।

এতদ্সঙ্গে অনলাইন ক্লাস পরিচালনা সংক্রান্ত প্রস্তাবিত নীতিমালা সংযুক্ত করা হল।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে-

৭/১০/২০২০

(প্রফেসর ড. ফারুক-উজ-জামান চৌধুরী)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং- চুয়েট/একা-৪৪/২৬৫(৭) তারিখঃ ০৭/১০/২০২০ খ্রিঃ।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলঃ

১। সকল ডীন, চুয়েট ।
২। সকল পরিচালক/ বিভাগীয় প্রধান/সেন্টার চেয়ারম্যান/হল প্রভোস্ট, চুয়েট।
৩। সকল দপ্তর প্রধান/শাখা প্রধান, চুয়েট।
৪। পরিচালক, আইআইসিটি, চুয়েট। বিজ্ঞপ্তিটি সংযুক্ত নীতিমালাসহ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে Up-load করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে।
৫। পি.এস.টু ভিসি, চুয়েট। ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬। অত্র বিশ্ববিদ্যালয়ের সকল বিজ্ঞপ্তিফলক।
৭। সংরক্ষণ নথি।

৭/১০/২০২০

(মোহাম্মদ রফিকুল ইসলাম)
ডেপুটি রেজিস্ট্রার
একাডেমিক শাখা ও ছাত্র-বৃত্তি শাখা
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম- ৪৩৪৯।

# অনলাইনে ক্লাস পরিচালনার নীতিমালা

করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে উদ্ভূত পরিস্থিতিতে বর্তমানে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এ একাডেমিক কার্যক্রম বন্ধ রয়েছে। এতে করে শিক্ষার্থীরা যেমন ক্ষতিগ্রস্থ হচ্ছে, তেমনি তাদের শিক্ষাজীবন দীর্ঘায়িত হওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। এ সমস্যা থেকে উত্তরণের জন্য অনলাইন-এ Class পরিচালনার আর কোন বিকল্প নেই। এ লক্ষ্যে নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হল ঃ

**১। বিভিন্ন Level এর Class Size এবং Contact Period ঃ**

(ক) বিভিন্ন Level -এ Section ভিত্তিক class size নির্ধারিত হবে।

(খ) প্রতিটি Theory ক্লাসের Contact Period হবে ৫০ মিনিট। প্রতি ক্লাস শেষে ১০ মিনিট বিরতি থাকবে।

**২। Class পরিচালনা ঃ**

(ক) Class সমূহ একটি সুনির্দিষ্ট রুটিন প্রণয়নের মাধ্যমে পরিচালিত হবে।

(খ) প্রতি Level-এ প্রতি সপ্তাহে সাধারনভাবে সর্বোচ্চ ৪ দিন সকাল ১০ টা হতে দুপুর ২ টা পর্যন্ত class পরিচালিত হবে।

(গ) সংশ্লিষ্ট শিক্ষককে Online Class Lecture সংক্রান্ত Presentation/Lecture note/Video etc. Google Class Room/CUET এর নির্ধারিত Website -এ Upload করতে হবে।

(ঘ) সংশ্লিষ্ট শিক্ষককে Online Class এর পুরো অংশটি Record করে পরবর্তীতে Google Class Room/CUET এর Website-এ Upload করতে হবে।

**৩। Class Participation and Marks ঃ**

(ক) Class Participation এবং Attendance এর জন্য Academic ordinance এর ২.১.১.৩ ধারা মোতাবেক 10% Marks নির্ধারিত থাকবে।

(খ) Zoom অথবা Google meet এর মাধ্যমে Class গ্রহণ শেষে Report option ব্যবহার করে উক্ত ক্লাসের উপস্থিত শিক্ষার্থীদের Attendance count করতে হবে। তবে এক্ষেত্রে শিক্ষকমন্ডলীকে CUET এর Authorized e-mail ব্যবহার করে Zoom/Google meet এর Licensed account গ্রহণ করতে হবে।

(গ) Class-এ যোগদানের জন্য প্রত্যেক শিক্ষার্থীকে Student ID_ Short Name, এই Format -এ নিজস্ব ID তৈরি করতে হবে। উদাহরণ স্বরূপ: 1801005_ Shoib.

(ঘ) কোন শিক্ষার্থী কারিগরী ত্রুটির কারণে কোন Class –এ উপস্থিত হতে ব্যর্থ হলে, সংশ্লিষ্ট শিক্ষকের সাথে ক্লাস শেষ হওয়ার পর টেলিফোনে যোগাযোগ করে Class-এ অনুপস্থিত থাকার কারণ ব্যাখ্যা করবে। সংশ্লিষ্ট শিক্ষক এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

**৪। Class Test/Class Assignment এর Marks ঃ**

(ক) Class Test/Class Assignment এর জন্য Academic ordinance এর ২.১.১.৩ ধারা মোতাবেক 20% Marks নির্ধারিত থাকবে। তম্মধ্যে 10% Marks Assignment এবং 10% Marks Class Test এর জন্য নির্ধারিত থাকবে।

(খ) Assignment এর নির্ধারিত 10% Marks এর জন্য কমপক্ষে ২ টি Assignment প্রদান করতে হবে। সাধারণ অবস্থায় ৩টি থেকে ৪টি Class Content এর উপর Assignment প্রদান করতে হবে।

(গ) Class Test এর 10% Marks এর জন্য কোর্সের Credit সংখ্যা যাই হোক না কেন কমপক্ষে ৩ টি Class Test গ্রহণ করতে হবে। এর মধ্যে থেকে বেশী নম্বরপ্রাপ্ত ২ টি Class Test এর Marks Count করা হবে। সাধারণ অবস্থায় ২ টি Class Content এর উপর Class Test গ্রহণ করতে হবে।

(ঘ) Quiz/Written যে কোন Format-এ Class Test নেয়া যাবে।

**৫। শিক্ষার্থীদেরকে Assignment প্রদান এবং জমা গ্রহণ ঃ**

(ক) Google Class Room ব্যবহার করে শিক্ষার্থীকে Assignment প্রদান করতে হবে। শিক্ষক কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে Assignment জমা দিতে হবে।

(খ) শিক্ষার্থীবৃন্দ A4 Paper এ Assignment এর জন্য প্রদানকৃত প্রশ্নসমূহের উত্তর প্রদান করবে।

(গ) সাধারণভাবে Assignment এর প্রশ্নের উত্তর সমূহ স্বহস্তে লিখিত হতে হবে। তবে বিশেষ প্রয়োজনে সংশ্লিষ্ট শিক্ষকের নির্দেশনা অনুযায়ী Assignment জমা করতে পারবে।

(ঘ) শিক্ষার্থীবৃন্দ Assignment লেখা শেষ করার পর এটিকে Scan করে/ছবি তুলে Pdf file তৈরি করবে। Pdf file এর নামকরণ হবে Student ID_ Course No_ Assignment No. উদাহরণ স্বরূপ: 1801005_CE313_A2.

(ঙ) স্বহস্তে লিখিত Assignment এর মূলকপি শিক্ষার্থীদেরকে সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে নির্দিষ্ট Course Teacher এর নিকট মূল কপি জমা দিতে হবে।

৬। শিক্ষার্থীদের **Class Test** গ্রহণ এর নিয়ামাবলীঃ

(ক) Quiz type Class Test CUET web site এর নির্ধারিত module ব্যবহার করে online -এ গ্রহণ করতে হবে।

(খ) Google Class Room এর মাধ্যমে Written Class test এর প্রশ্নপত্র প্রদান করা হবে। Written Class test এর ক্ষেত্রে শিক্ষার্থীগণ A4 Paper এ Class Test এর জন্য নির্ধারিত প্রশ্নের উত্তর প্রদান করবে। Class Test শেষে Answer Sheet টি Scan করে/ছবি তুলে Pdf file তৈরি করে জমা প্রদান করবে। Pdf file এর নামকরন হবে Student ID_ Course No_ Class test No. । উদাহরণ স্বরূপ: 1801005_CE_313_CT1. Written Class Test এর মূলকপি শিক্ষার্থীদেরকে সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে নির্দিষ্ট Course Teacher এর নিকট মূল কপি জমা দিতে হবে।

(গ) Class Test এর ব্যাপ্তি সাধারণভাবে ১৫-২০ মিনিট হবে।

(ঘ) Class Test এর Schedule Online Class এর রুটিন প্রকাশের সময়ই ঘোষনা করতে হবে।

(ঙ) Class Test গ্রহণের জন্য Class শুরুর পূর্বে 9:30am to 10:00 am সময়ে একটি Slot নির্ধারিত থাকবে।

৭। **Term Final Examination** গ্রহণ ঃ

(ক) শিক্ষার্থীবৃন্দ বিশ্ববিদ্যালয়ে আসার পর সুবিধাজনক সময়ে Term Final পরীক্ষা গ্রহণ করা হবে।

(খ) ছুটির সময়কাল বর্ধিত হলে Online Class চলমান রেখে প্রয়োজনবোধে দুই Term এর Final পরীক্ষা একত্রে গ্রহণ করা যেতে পারে।

৮। **Laboratory/Sessional/ Design Subject course** পরিচালনা প্রসঙ্গেঃ

(ক) শিক্ষার্থীবৃন্দ বিশ্ববিদ্যালয়ে আগমনের পর সুবিধাজনক সময়ে Sessional Class সমূহ গ্রহণ করা যেতে পারে।

(খ) ছুটির সময়কাল বর্ধিত হলে অসমাপ্ত Sessional Class সমূহ প্রয়োজনবোধে অবশিষ্ট বিভিন্ন Term এ ভাগ করে সম্পন্ন করা যেতে পারে।

৯। Theroy Class পরিচালনার জন্য চলমান Term এর একটি একাডেমিক ক্যালেন্ডার প্রনয়ণ করতে হবে।

১০। Level-4 এর Term-I এবং Term-II এর Project/Thesis কোর্সটির Presentation শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ে আগমনের পর সুবিধাজনক সময়ে গ্রহণ করা যেতে পারে। তবে বিশেষ প্রয়োজনে একাডেমিক কাউন্সিল-এর অনুমোদন সাপেক্ষে Online-এ Project/Thesis কোর্সটির Presentation গ্রহণ করা যেতে পারে।

15/09/2020 15/09/2020 15/9/2020

অধ্যাপক ড. জামাল উদ্দিন আহাম্মদ,
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
ও
ডীন, যন্ত্রকৌশল অনুষদ,
চুয়েট।

অধ্যাপক ড. মোঃ কামরুজ্জামান
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
ও
ডীন, তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদ,
চুয়েট।

অধ্যাপক ড. মোঃ মইনুল ইসলাম,
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
ও
ডীন, স্থাপত্য ও পরিকল্পনা অনুষদ,
চুয়েট।

15.09.2020 15/09/2020

অধ্যাপক ড. মোঃ রেজাউল করিম,
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
ও
ডীন, প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ,
চুয়েট।

অধ্যাপক ড. মোঃ রবিউল আলম
সভাপতি, সংশ্লিষ্ট কমিটি।
ও
ডীন, পুরকৌশল অনুষদ,
চুয়েট।